

## প্রোফাইল



নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সহকারী প্রধান সাবিনা ইয়াসমিন বিসিএস (ইকোনমিক) ক্যাডারের ২৯ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৮৩ সালে টাংগাইল জেলার ধনবাড়ীতে জন্মগ্রহণ করেন। তিনি ধনবাড়ী সাকিনা মেমোরিয়াল উচ্চ বালিকা বিদ্যালয় হতে ১৯৯৮ সালে এসএসসি এবং ২০০০ সালে ধনবাড়ী আসিয়া হাসান আলী মহিলা কলেজ হতে এইচএসসি পাস করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিএসএস এবং এমএসএস পাস করেন।

সাবিনা ইয়াসমিন কর্মজীবন শুরু করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহকারী প্রধান হিসেবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে তিনি আগস্ট, ২০১১ থেকে মে, ২০১৪ পর্যন্ত কর্মরত ছিলেন। পরবর্তীতে তিনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদান করেন এবং সেখানে তিনি জুন, ২০১৪ থেকে মার্চ, ২০১৬ পর্যন্ত কর্মরত ছিলেন। বর্তমানে তিনি নৌ-পরিবহন মন্ত্রণালয়ে সহকারী প্রধান হিসেবে কর্মরত। তিনি সরকারী সফরে ফিলিপাইন ও মালয়েশিয়া ভ্রমণ করেছেন।

সাবিনা ইয়াসমিন বিবাহিত এবং এক কন্যা সন্তানের জননী। তাঁর স্বামীর নাম মোঃ রাকিবুল হাসান।